জীবননগর বাসস্ট্যান্ড চত্ত্বরে ইসলামিক ভাস্কর্যের উদ্বোধন

চুয়াডাঙ্গার জীবননগর পৌরসভার বাসস্ট্যান্ড চত্বরে দৃষ্টিনন্দন ইসলামিক ভাস্কর্যের শুভ উদ্বোধন করা হয়েছে। গতকল বৃহস্পতিবার দুপুরে আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক জহিরুল ইসলাম।

উদ্বোধন অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) আল-আমীন হোসেন, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও পৌর প্রশাসক সৈয়দজাদী মাহবুবা মঞ্জুর মৌনা, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো.মামুন হোসেন বিশ্বাস, উপজেলা কৃষি কর্মকর্তা আলমগীর হোসেন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা জাকির উদ্দিন মোড়ল, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আশরাফ হোসেন, সদস্য সচিব সুমন মিয়া সহ প্রমুখ।

উল্লেখ্য জীবননগর পৌর বাসস্ট্যান্ড চত্বরে টাইগার চত্ত্বরটি ভেঙ্গে যাওয়ার পরে জীবননগর বাসি এখানে একটি ইসলামিক ভাস্কর্য নির্মাণের দাবি করেন। জীবননগর পৌরসভার উদ্যোগে ৮ লক্ষ ত্রিশ হাজার ৭শ ৫৮ টাকা ব্যয়ে এই দৃষ্টিনন্দিত ও আকর্ষণীয় ইসলামিক ভাস্কর্য টি নির্মিত হয়।

ঝিনাইদহে এডাব’র ৩ দিনব্যাপী প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন

ঝিনাইদহে এডাব’র ৩ দিনব্যাপী আইসিটি ও ডিজিটাল কমিউনিকেশনের উপর প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

বুধবার (২০ আগস্ট) এইড ফাউন্ডেশন প্রশিক্ষণ কেন্দ্র, ঝিনাইদহে এসোসিয়েশন অব ডেভেলপমেন্ট এজেন্সিজ ইন বাংলাদেশ-এডাব ঝিনাইদহ জেলা শাখা কর্তৃক আয়োজিত “ আইসিটি ও ডিজিটাল কমিউনিকেশন এর উপর

৩ দিনব্যাপী প্রশিক্ষণ শুরু হয়েছে। প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণে উদ্বোধন করেন ঝিনাইদহ সদর উপজেলা কৃষি কর্মকর্তা মোঃ নুর নবী।

৩দিন ব্যাপী প্রশিক্ষণটি পরিচালনা করবেন পলাশ সাহা, যোগাযোগ কর্মকতা, এডাব ও সদস্য, এডাব রির্সোস প্রল। প্রশিক্ষনের উদ্বোধনী পর্বে স্বাগত বক্তব্য প্রদান করেন এডাব ঝিনাইদহ জেলা শাখার সদস্য সচিব ও প্রভা সোসাইটির নির্বাহী পরিচালক মোঃ এনামুল কবীর বাবুল।

প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশের উন্নয়নে সরকারের পাশাপাশি এনজিওদের ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ। বিশেষ করে দক্ষিণ অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে এনজিওসমূহের প্রচুর অবদান রয়েছে। বর্তমান সময়ে তথ্য হলো একটি শক্তি, আর একটি প্রশিক্ষণের মাধ্যমে এই তথ্যের আদান-প্রদান ঘটে। সুতরাং আইসিটি ও ডিজিটাল কমিউনিকেশন -এর মত গুরুত্বপূর্ণ একটি বিষয়ে প্রশিক্ষণ আয়োজন খুবই সময় উপযোগী। এনজিওসমূহের মধ্যে সমন্বয়সাধন, সরকারের উন্নয়ন কর্মকান্ডে সহায়তা করা এবং সংগঠনের দক্ষতা বৃদ্ধিতে এডাব-এর কর্মসূচিকে তিনি সাধুবাদ জানান। প্রশিক্ষন লব্দ এই জ্ঞান ঝিনাইদহের উন্নয়ন কাজে বিশেষ অবদান রাখবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। সময় উপযোগী এ ধরনের একটি প্রশিক্ষণ ঝিনাইদহে আয়োজন করার জন্য তিনি এডাব কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

প্রশিক্ষণের উদ্বোধনী পর্বে সভাপতিত্ব করেন এডাব ঝিনাইদহ জেলা কমিটির সভাপতি ও এসডাব-এর নির্বাহী পরিচালক মিজানুর রহমান। এডাব খুলনা বিভাগের সমন্বয়কারী মো: রেজাউল করিম প্রশিক্ষণের সার্বিক সমন্বয়ের দায়িত্ব পালন করেন। খুলনা বিভাগের যশোর, মাগুরা, কুষ্টিয়া ও চুয়াডাঙ্গা জেলার এডাব এর সদস্য সংস্থা থেকে ২৬ টি এন.জি.ও’র প্রতিনিধিগণ এই প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহন করেন।

মুজিবনগরে সপ্তাহব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন

“অভয়াশ্রম গড়ে তুলি, দেশি মাছে দেশ ভরি” এ প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে সপ্তাহব্যাপী জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকালে উপজেলা মৎস্য উদযাপন কমিটির আয়োজনে এ মৎস্য সপ্তাহের উদ্বোধন উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ মৎস্য সপ্তাহের উদ্বোধন করেন। উদ্বোধন অনুষ্ঠানে দুইজন সফল মৎস্য চাষীকে পুরস্কার দেওয়া হয়।

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তারেক আজিজের সভাপতিত্বে এবং মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন মুজিবনগর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাজমুস সাদাত রত্ন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা রফিকুল ইসলাম এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক।

এর আগে একটি মৎস্য র্যালি শেষে মুজিবনগর উপজেলা পরিষদ পুকুরে মাছের পোনা অবমুক্ত করেন প্রধান অতিথিসহ অন্যান্য অতিথিবৃন্দ।

মেহেরপুরে মোখলেসুর রহমান স্কুল অ্যান্ড কলেজের ফরম বিতরণের উদ্বোধন

মেহেরপুর জেলা সদরের চুয়াডাঙ্গা সড়কে সন্ধ্যানী সংস্থার পরিচালনায় মোখলেছুর রহমান স্কুল অ্যান্ড কলেজের আগামী শিক্ষাবর্ষের জন্য নার্সারি থেকে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত ভর্তি ফরম বিতরণ কার্যক্রমের উদ্বোধন করা হয়েছে।

গতকাল রবিবার বিকালে নির্মাণাধীন বিল্ডিং এ কাজের উদ্বোধন করেন, সংস্থার নির্বাহী পরিচালক মহাঃ আবু জাফর। এ সময় সেখানে উপস্থিত ছিলেন, সন্ধানী স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ হাবিবুর রহমান, সন্ধ্যানী সংস্থার কোর্ডিনেটর জাকি আল জাকওয়ান নিবিড়, সংস্থার প্রশাসনিক কর্মকর্তা আক্তারুজ্জামান, ভাইস প্রিন্সিপাল রাজু আহমেদ, মাধ্যমিক শাখার একাডেমিক প্রধান আক্তার হোসেন, প্রাথমিক শাখার একাডেমিক প্রধান ও নুতন শাখার প্রধান হিসেবে দায়িত্বপ্রাপ্ত সাইফুর রহমান মিরন, সন্ধ্যানী নার্সিং ইনস্টিটিউটের প্রধান শাহনাজ পারভীন, অভিভাবক আশিক উর রহমান, আরিফ হোসেনসহ প্রতিষ্ঠানের শিক্ষক ও ফরম নিতে আসা অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন। সংক্ষিপ্ত বক্তব্যে সংস্থার নির্বাহী পরিচালক আবু জাফর ডঃ মোখলেছুর রহমান সম্পর্কে বলেন, তিনি ছাত্র জীবন থেকেই সামাজিক কাজ ও মানুষের কল্যাণে কাজ লরে যাচ্ছেন। করমদি গ্রামে হাসপাতাল নির্মাণ, সেলাই প্রশিক্ষন কেন্দ্র তৈরী, স্কুল তৈরী, কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র তৈরী সহ অসংখ্য প্রতিষ্ঠান তৈরী করেছেন। আমরা সংস্থার পক্ষ থেকে তাকে সম্মানিত করার জন্য মেহেরপুরের এই প্রতিষ্ঠানের নাম ওনার নামে রাখার সিদ্ধান্ত নিয়েছি যদিও প্রথমে তিনি রাজী ছিলেন না।

তিনি আরও জানান, মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য ও মেহেরপুর জেলা কে শিক্ষাক্ষেত্রে আরও এগিশে নেয়ার জন্য গাংনীর অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে মেহেরপুরে মোখলেসুর রহমান স্কুল অ্যান্ড কলেজ চালু করতে যাচ্ছি। তিনি বলেন, এ প্রতিষ্ঠান আপনাদের সকলের। আপনাদের সহযোগিতায় এ শিক্ষা প্রতিষ্ঠান টি একটি মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলবো। আগামীতে মেহেরপুর বিশ্ববিদ্যালয় চালু হলে এখান থেকে ভাল মানের শিক্ষার্থী বের হতে বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবে।

তিনি জানান, শিক্ষার পাশাপাশি এক্সাকারিকুলাম এক্টিভিটির মাধ্যমে শিক্ষার্থীদের মানসিক ও শারিরীকভাবে একজন দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে তুলতে এ প্রতিষ্ঠান কাজ করে যাবে। এ প্রতিষ্ঠানের জন্য সকলের সহযোগিতা কামনা করেন তিনি। আগমাী বছর ২০২৬ সালে নার্সারি থেকে ষষ্ঠ শ্রেণী পর্যন্ত একাডেমিক কার্যক্রম চালু হবে। প্রতিবছর ধাপে ধাপে শ্রেণী সংখ্যা বাড়তে থাকবে বলে তিনি জানান।

উল্লেখ্য যে, গাংনীতে সন্ধ্যানী সংস্থা পরিচালিত স্কুলটি জেলার অন্যতম সেরা শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্বীকৃত হয়েছে। এ বছর সন্ধ্যানী স্কুল অ্যান্ড কলেজ থেকে ১৩৮ জন শিক্ষার্থী পরীক্ষা

দিয়ে ৬২ জন জিপিএ ৫ সহ সবাই পাশ করে জেলায় প্রথম হয়েছে।

কোটচাঁদপুরে বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা উদ্বোধন

পরিকল্পিত বনায়ন করি,সবুজ বাংলাদেশ গড়ি এই প্রতিপাদ্যকে সামনে রেখে ঝিনাদইদহের কোটচাঁদপুরে পাঁচ দিন ব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলা ফিতা কেটে ও বেলুন উড়িয়ে উদ্বোধন করা হয়।

এ উপলক্ষ্যে উপজেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের উদ্যোগে শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়। আগামী ১৭ আগস্ট মেলা শেষ হবে।

আজ বুধবার সকালে কোটচাঁদপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় সংলগ্ন মাঠে এই মেলার উদ্বোধন করেন উপজেলা নির্বাহী অফিসার কাজী আনিসুল ইসলাম।

এই মেলায় উপজেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের আয়োজনে সরকারি বেসরকারি ১৭টি নার্সারি স্টল প্রদর্শন করেছেন।এর আগে মেলা স্থল থেকে একটি বর্ণাঢ্য র্যালী বের হয়ে শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে এসে শেষ হয়।

এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা সহকারী বন সংরক্ষক খোন্দঃ গিয়াস উদ্দিন, কোটচাঁদপুর সামাজিক বন কর্মকর্তা ভারপ্রাপ্ত শফিকুল ইসলাম, উপজেলা কৃষি অফিসার জাহিদ ইসলাম, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহুরুল ইসলাম,একাডেমি সুপারভাইজার ফারুখ হোসেন,তথ্য সেবা কর্মকর্তা তানিয়া সুলতানা।

মেলায় উপজেলার বিভিন্ন নার্সারি উদ্যোক্তারা বাহারি ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা প্রদর্শন করেন। এ ছাড়া ছাদবাগানে রোপণ উপযোগী গাছ-গাছালির পসরা সাজিয়েছেন নার্সারি উদ্যোক্তারা।

সুলভ মূল্যে বিভিন্ন ফলদ, বনজ ও ঔষধি গাছের চারা বিক্রয় করা হবে স্টলগুলোতে।

দর্শনা মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের নির্মাণ কাজের উদ্বোধন

শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের বরাদ্দকৃত ১৫ লক্ষ টাকার উন্নয়নমূলক নির্মাণ কাজের উদ্বোধন করেছেন মেমনগর বিডি মাধ্যমিক বিদ্যালয়ের সভাপতি ও দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক মশিউর রহমান।

রবিবার দুপুর সাড়ে ১২টার দিকে বিদ্যালয় প্রাঙ্গণে এ নির্মাণ কাজের শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

এ সময় মশিউর রহমান বলেন, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বরাদ্দকৃত অর্থ দিয়ে এই নির্মাণ কাজের উদ্বোধন একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। এই অধিদপ্তর শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে থেকে দেশের শিক্ষা অবকাঠামোর উন্নয়ন, সংস্কার ও সম্প্রসারণের দায়িত্ব পালন করে। ভবিষ্যতে বিদ্যালয়টি আধুনিকায়ন করা হবে। তিনি আরও বলেন, শুধু স্কুলের বিল্ডিং নির্মাণ করলেই হবে না ছেলে-মেয়েদের লেখাপড়ার মানও আরও উন্নত করতে হবে।

উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রকৌশলী ও ঠিকাদার কামরুজ্জামান বকুল, রেজাউল করিম লাল্টু, বিদ্যালয়ের প্রধান শিক্ষক ইকরামুল হক, কমিটির সদস্য মাহাবুবুর রহমান খোকন, লুৎফর রহমান প্রমুখ।

মুজিবনগরে উপজেলা প্রশাসন

গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্ট উদ্বোধন

মুজিবনগরে তারুণ্য উৎসব ২০২৫ উপলক্ষে উপজেলা প্রশাসন গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের উপজেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে।

সোমবার বিকালে উপজেলার দারিয়াপুর ফুটবল খেলার মাঠের উপজেলা প্রশাসন ও উপজেলা ক্রীড়া সংস্থার আয়োজনে উপজেলা পর্যায়ের এই ফুটবল খেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ক্রীড়া সংস্থার সভাপতি পলাশ মন্ডল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই টুর্নামেন্টের উদ্বোধন করেন। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার ভূমি নাজমুস সাদাত রত্ন উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক ও উপজেলা যুব উন্নয়ন অফিসার রকিবউদ্দিন উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য জহিরুল ইসলাম হাসান মুস্তাফিজুর রহমান, সাহার আলি।

উদ্বোধনী বক্তব্যে উপজেলা নির্বাহী অফিসার ও ক্রীড়া সংস্থার সভাপতি পলাশ মন্ডল বলেন প্রথমে আমরা ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ে এই টুর্নামেন্ট শুরু করি প্রত্যেকটি ইউনিয়নের ওয়ার্ড পর্যায়ের খেলোয়াড়রা ইউনিয়ন ভিত্তিক টুর্নামেন্টে অংশগ্রহণ করেন। সেখান থেকে খেলোয়ার বাছাই করে প্রত্যেকটি ইউনিয়নের দুইটা টিম গঠন করা হয়েছে।

উপজেলা পর্যায়ের খেলায় প্রত্যেকটি ইউনিয়ন থেকে দুটি টিম নকআউট পর্যায়ে অংশগ্রহণ করবে। আমাদের উদ্দেশ্য হলো তৃণমূল পর্যায় থেকে ভালো খেলোয়াড় বাছাই করে উপজেলা পর্যায়ের একটি টিম গঠন করা। সেই সাথে সমাজকে মাদকমুক্ত নেশা মুক্ত এবং মোবাইল গেম থেকে দূরে রাখার জন্য খেলাধুলার মধ্যে নিমজ্জিত করা। আমরা আশা করি তরুণ এবং যুবকদেরকে খেলার মাঠে ফিরিয়ে এনে একটি সুস্থ মাদকমুক্ত যুব সমাজ গঠনে সহায়ক হিসেবে কাজ করা।

উদ্বোধনী খেলায় মোনাখালী ইউনিয়ন বি-টিম এবং দারিয়াপুর ইউনিয়ন বি -টিম প্রতিদ্বন্দ্বিতা করেন। উত্তেজনাপূর্ণ খেলায় মনাখালী ইউনিয়ন বিটিম ৩-০ গোলে দারিয়াপুুর ইউনিয়ন বি-টিম কে পরাজিত করে।

ঝিনাইদহে সপ্তাহ ব্যাপী বৃক্ষ মেলার উদ্বোধন

‘পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ি’ এ শ্লোগানকে সামনে রেখে ঝিনাইদহে ৭ দিন ব্যাপী বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন করা হয়েছে।

এ উপলক্ষে সোমবার (৪ আগস্ট) সকালে শহরের পায়রাচত্বর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে পুরাতন ডিসি কোর্ট চত্বরে গিয়ে শেষ হয়। পরে সেখানে ফিতা কেটে মেলার উদ্বোধন করেন জেলা প্রশাসক মোহাম্মদ আব্দুল আওয়াল। সেসময় কৃষি সম্প্রসারন অধিদপ্তরে উপ-পরিচালক ষষ্টি চন্দ্র রায়, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা হোসনে আরা,সহকারী বন সংরক্ষক গিয়াস উদ্দিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সামাজিক বনায়ন জোন ও জেলা প্রশাসনের আয়োজনে শুরু হওয়া এ মেলা চলবে আগামী ১০ আগস্ট পর্যন্ত। এতে জেলার বিভিন্ন এলাকার সরকারি বেসরকারি ২৪ টি নার্সারী স্টল প্রদর্শণ করেছে। সুলভ মুল্যে বিভিন্ন ফলজ, বনজ ও ঔষধী গাছের চারা বিক্রয় করা হবে স্টলগুলোতে।

মেহেরপুরে অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নে প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন

মেহেরপুরে অনগ্রসর জনগোষ্ঠীর জীবনমান উন্নয়নের লক্ষ্যে ১৫ দিনব্যাপী একটি প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

সোমবার (২৮ জুলাই) সকাল ১০টায় জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা

কার্যালয়ের যৌথ উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ প্রশিক্ষণ কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।

জেলা সমাজসেবা কর্মকর্তা আশাদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোসা. খাদিজা আকতার, সরকারি শিশু পরিবারের (বালক) তত্ত্বাবধায়ক মো. তৌফিকুল রহমান, সমাজসেবা শহর কার্যালয়ের কর্মকর্তা মো. সোহেল মাহমুদ, কম্পিউটার অপারেটর মো. সজীব রহমান, প্রশিক্ষক এস. এম. রাসেল প্রমুখ।

মেহেরপুরে সপ্তাহব্যাপী বৃক্ষরোপণ অভিযান ও বৃক্ষমেলার উদ্বোধন

“পরিকল্পিত বনায়ন করি, সবুজ বাংলাদেশ গড়ি” এই প্রতিপাদ্যকে সামনে রেখে সপ্তাহব্যাপী বৃক্ষমেলার উদ্বোধন করেছেন মেহেরপুর জেলা প্রশাসন ও বন বিভাগ।

এ উপলক্ষে সোমবার (২৭ জুলাই) সকাল সাড়ে ৯টার দিকে জেলা শিল্পকলা একাডেমির সামনে থেকে একটি র্যালি বের করা হয়। র্যালিটি প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এসে শেষ হয়। পরে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে ফিতা কেটে বৃক্ষমেলার উদ্বোধন করা হয়।

এরপর জেলা প্রশাসনের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়।

বিভাগীয় বন কর্মকর্তা মোঃ রেজাউল আলমের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ।

এছাড়াও, স্থানীয় সরকারের ভারপ্রাপ্ত উপপরিচালক মোঃ তরিকুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবদুল করিম, উপজেলা

নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম, সহকারী কমিশনার ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর, জেলা শিক্ষা অফিসার হজরত আলী, জেলা ইসলামিক ফাউন্ডেশনের উপপরিচালক এ জে এম সিরাজুম মুনীর, জেলা বন বিভাগের কর্মকর্তা এসটি হামিম হায়দারসহ সরকারি কর্মকর্তা-কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

সপ্তাহব্যাপী বৃক্ষমেলায় বিভিন্ন স্টলে ফলজ, বনজ ও ঔষধি গাছ সাজিয়ে রাখা হয়। এ সময় বিভিন্ন স্টল পরিদর্শন করেন জেলা প্রশাসক সিফাত মেহনাজ। এই মেলায় ১৭টি স্টল স্থাপন করা হয়েছে।